**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 14. 04. 2025** **Desk in Charge : SDG**

**Time : 7.35 AM** **Compiling : SB**

**DEO : KB** **NR : SB**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ মুর্শিদাবাদের হিংসাদীর্ণ অঞ্চলগুলিতে পরিস্থিতি এখন নিয়ন্ত্রণে বলে প্রশাসন জানিয়েছে। মোতায়েন হয়েছে মোট ১৭ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী।

২/ রাজ্যে অশান্তি ছড়ানোর সবরকম প্রয়াস কড়া হাতে দমন করা হবে বলে রাজ্যপাল স্পষ্ট জানিয়েছেন। # বিষয়টি নিয়ে মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলেছেন তিনি ।

৩/ মুর্শিদাবাদের ঘটনা প্রবাহের জন্য বিজেপি রাজ্যের তৃণমূল কংগ্রেস সরকারকে দায়ী করেছে। # আগামী ১৬ তারিখ 'হিন্দু শহীদ দিবস' পালন করবে তারা।

৪/ চাকরী ফিরিয়ে দেবার দাবিতে টানা আন্দোলন কর্মসূচীর ঘোষণা, চাকরীহারা শিক্ষকদের।

৫/ কালীঘাট মন্দিরে পুণ্যার্থীদের সুবিধায় নবনির্মিত 'স্কাই ওয়াক'-এর আজ উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী।

৬/ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে সংবিধানের অন্যতম রূপকার ডক্টর বাবা আম্বেদকারের জন্মদিন আজ পালিত হচ্ছে।

*******************************************************************

মুর্শিদাবাদের জঙ্গীপুর, সামসেরগঞ্জ, সুতি ও ধুলিয়ানের হিংসাদীর্ণ এলাকায় পরিস্থিতি শান্তিপূর্ণ এবং নিয়ন্ত্রণে থাকলেও অবস্থা থমথমে। রাস্তাঘাট ফাঁকা। হিংসা বিধ্বস্ত এলাকায় মোট ১৭ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন রয়েছে। অনেক জায়গায় গ্রামে মানুষ নেই। BSF-এর রুটমার্চের পাশাপাশি চলছে পুলিশ বাহিনীর টহলদারি।

আমাদের জেলা সংবাদদাতার প্রতিবেদন- ( ভিসি- মামুন )

এই অশান্তির ঘটনায় মোট দেড়শো জনকে গ্রেপ্তার করা হয়েছে। এদের মধ্যে ধুলিয়ানের তিন ব্যবসায়ী রয়েছে। তাদের বিরুদ্ধে গন্ডগোল সৃষ্টির অভিযোগ রয়েছে। ঐসব এলাকায় কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়েছে। রাঁচী, জামশেদপুর এবং রাজারহাটের CRPF ক্যাম্প থেকে জওয়ানদের মুর্শিদাবাদে পাঠানো হয়েছে।

দুই অতিরিক্ত মহানির্দেশক সুপ্রতিম সরকার ও বিনীত গোয়েল গতকাল সামসেরগঞ্জ গিয়ে পরিস্থিতি খতিয়ে দেখেছেন। পুলিশ সুপার SP যাদব সাংবাদিকদের বলেন,

( বাইট- SP যাদব )

*************************

মুর্শিদাবাদের ঘটনায় কাউকে আইন নিজের হাতে নিতে দেওয়া হবে না বলে রাজ্যপাল CV আনন্দ বোস স্পষ্ট ভাষায় জানিয়েছেন।

সমাজমাধ্যমে এক ভিডিও বার্তায় রাজ্যপাল গতকাল বলেন, দুষ্কৃতীদের কোনোরকম হামলা বরদাস্ত করা হবে না। মুর্শিদাবাদের পরিস্থিতি নিয়ে তিনি মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলেছেন। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক পরিস্থিতির ওপর নিরন্তর নজর রেখে চলেছে। মুর্শিদাবাদে পর্যাপ্ত সংখ্যায় কেন্দ্রীয় বাহিনী পাঠানো হয়েছে বলেও রাজ্যপাল জানান। শান্তি বজায় রাখার জন্য সকলের প্রতি আবেদন জানান তিনি।

( বাইট- রাজ্যপাল )

*************************

বিজেপি আগামী ১৬ তারিখ রাজ্যে 'হিন্দু শহীদ দিবস' পালন করবে। কলকাতায় গতকাল মুর্শিদাবাদের ঘটনাপ্রবাহ এবং চাকরি দুর্নীতি ইস্যুতে মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবিতে এক পথসভায় বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার জানিয়েছেন, ঐদিন প্রতিটি জেলায় প্রতিবাদ মিছিল হবে। তিনি অভিযোগ করেন, স্বাধীনতার পর এই প্রথম তৃণমূল কংগ্রেস সরকারের আমলেই হিন্দুদের উদ্বাস্তু হয়ে পালাতে হচ্ছে। পাশাপাশি চাকরি বাতিল প্রসঙ্গে সুকান্তবাবু বলেন, ২০১৬ সালে প্রায় ২৩ লক্ষ পরীক্ষার্থী পরীক্ষা দিয়েছিল। রাজ্য সরকার এই ২৩ লক্ষ পরীক্ষার্থীর সঙ্গে প্রতারণা করেছে।

( বাইট- সুকান্ত )

অন্যদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেন, মুখ্যমন্ত্রীর প্ররোচনাতেই মালদা, মুর্শিদাবাদ সহ রাজ্যের বিভিন্ন প্রান্তে হিন্দুদের ওপর আক্রমণ হয়েছে।

এদিকে, গতকাল কলেজ স্কোয়ার থেকে ধর্মতলা পর্যন্ত রাজ্য বিজেপির শীর্ষ নেতৃত্বের উপস্থিতিতে মিছিল বের হয়। আলিপুরদুয়ারের ফালাকাটাতেও কুশপুতুল জ্বালিয়ে দেখানো হয়।

বাংলাকে বদনাম করতে বিজেপি অপপ্রচার চালাচ্ছে বলে তৃণমূলের রাজ্য সম্পাদক কুণাল ঘোষ মন্তব্য করেছেন-

( বাইট- কুণাল )

**************************

রাজ্যের কয়েকটি জেলায় কাশ্মীরের ৯০ সালের মত পরিস্থিতি সৃষ্টি হয়েছে বলে দাবি করে পুরুলিয়ার বিজেপি সাংসদ জ্যোতির্ময় সিং মাহাতো অবিলম্বে আফস্পা প্রয়োগের জন্য কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহকে চিঠি দিয়েছেন। মুর্শিদাবাদ, মালদা, নদীয়ার সাম্প্রতিক কিছু ঘটনার উল্লেখ করে তিনি বলেন, শাসকদলের উষ্কানিতে সংখ্যাগুরু সম্প্রদায়ের ওপর অত্যাচার চলছে। মুর্শিদাবাদে বাবা ও ছেলের খুন হওয়ার পরেও বিরোধী পক্ষকে সেখানে যেতে দেওয়া হচ্ছে না বলে তিনি অভিযোগ করেন।

অন্যদিকে, SSC দুর্নীতি থেকে নজর ঘোরাতেই মুর্শিদাবাদে অশান্তি ছড়ানো হয়েছে বলে CPIM রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম মন্তব্য করেছেন। গতকাল অশোকনগরে এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, মুর্শিদাবাদে ওয়াকফ আইন বিরোধী আন্দোলনকারীদের মধ্যে অনেকে বিজেপির হয়ে কাজ করছে। পুলিশের ভূমিকার'ও সমালোচনা করেন তিনি।

( বাইট- সেলিম )

অশোকনগরে ONGC-র প্রকল্প চালু করা, যোগ্য শিক্ষক শিক্ষিকাদের চাকরী ফেরত সহ একাধিক বিষয় নিয়ে CPIM-এর তরফে গতকাল এক মিছিল করা হয়। অশোকনগর স্টেশন থেকে কচুয়া মোড় পর্যন্ত মিছিলটি যায়। সেখানে আয়োজন করা হয় পথ সভার।

*************************

চাকরি ফিরিয়ে দেবার দাবিতে টানা আন্দোলন কর্মসূচির ঘোষণা করেছেন চাকরি হারানো শিক্ষকদের একাংশ।

বুধবার দিল্লিতে ধর্না কর্মসূচি রয়েছে যোগ্য শিক্ষক অধিকার মঞ্চের। এর জন্য আজ ধর্মতলা থেকে বাসে রওনা দেবেন চাকরি হারানো শিক্ষকরা। **পয়লা থেকে ৭ই মে পর্যন্ত রিলে অনশন** এবং **৮ ই মে** থেকে ধর্মতলার **ওয়াই চ্যানেলে আমরণ অনশন** শুরু করার হুঁশিয়ারি দিয়েছেন তাঁরা। BR আম্বেদকরের জন্মজয়ন্তী উপলক্ষে আইনজীবী ও অবসরপ্রাপ্ত বিচারপতিদের নিয়ে বিশেষ কর্মসূচিরও আয়োজন করা হবে।

এর পাশাপাশি, '২০১৬ SLST ও RLST চাকরি বাঁচাও' কমিটির তরফে চাকরিহারা শিক্ষকরা **আজ কলেজ স্কোয়্যার** থেকে সুবোধ মল্লিক স্কোয়্যার পর্যন্ত মিছিলের ডাক দিয়েছেন।

অন্যদিকে, আগামী **২২ এপ্রিল** শিয়ালদহ থেকে মিছিল করে **রাজভবন** অভিযানের ডাক দিয়েছেন চাকরিহারাদের একটি সংগঠন। গণস্বাক্ষর সম্বলিত দাবিপত্র নিয়ে এক প্রতিনিধিদল রাজ্যপাল সিভি আনন্দ বোসের সঙ্গে সাক্ষাৎ করে বিষয়টিতে রাষ্ট্রপতির হস্তক্ষেপ প্রার্থনা করবেন।

এছাড়াও ১৮ ও ১৯ এপ্রিল জেলায় জেলায় মিছিল, পথসভা ও গণস্বাক্ষর সংগ্রহ কর্মসূচি রয়েছে তাঁদের।

*************************

শক্তিপীঠ কালীঘাট মন্দিরে আগত পুণ্যার্থীদের সুবিধায় নবনির্মিত স্কাই ওয়াকের আজ সূচনা হচ্ছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ সন্ধ্যায় সেখানে এক সরকারি অনুষ্ঠানের মঞ্চ থেকে এই স্কাইওয়াকের উদ্বোধন করবেন। ৪৩৫ মিটার দীর্ঘ এই স্কাই ওয়াকটি তৈরীর কাজ ২০২১ সালের অক্টোবর মাসে শুরু হলেও নির্ধারিত সময়ে শেষ না হওয়ায় বেশ কয়েকবার মুখ্যমন্ত্রী অসন্তোষ প্রকাশ করেছিলেন।

পাঁচটি প্রবেশ পথ যুক্ত এই স্কাইওয়াক ও নিচে ১২ ফুট চওড়া ফুটপাত সংস্কারের জন্য মোট খরচ হয়েছে প্রায় ১০০ কোটি টাকা।

*************************

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ সারা দেশের সঙ্গে এরাজ্যেও সংবিধানের অন্যতম প্রণেতা ডক্টর বাবা সাহেব ভীম রাও আম্বেদকরের জন্মদিন পালিত হচ্ছে। সমাজের দলিত, নিপীড়িত মানুষের সাম্য ও সামাজিক ন্যায়বিচারের জন্য তিনি আজীবন লড়াই করে গেছেন। বিভিন্ন সংগঠন, সংস্থা, শিক্ষা প্রতিষ্ঠান বাবাসাহেব আম্বেদকরের জন্মদিন উদযাপন উপলক্ষে নানা অনুষ্ঠানের আয়োজন করেছে।

*************************

আজ চৈত্র সংক্রান্তি। বাংলা ১৪৩১ সালের শেষ দিন ৩১শে চৈত্র। চৈত্র সংক্রান্তিকে কেন্দ্র করে বসে গাজনের মেলা। তারকেশ্বর পূণ্যধাম সহ হুগলির নানা স্থানে সাড়ম্বরে পালিত হয় গাজনের উৎসব ও মেলা। হুগলি, পুরুলিয়া বাঁকুড়া মেদিনীপুর সহ রাজ্যের নানা স্থানে চৈত্র সংক্রান্তি উপলক্ষে বসে গাজনের মেলা, চড়কের মেলা ও উৎসব। অন্যদিকে চৈত্র সংক্রান্তিতে রাজ্যের নানা প্রান্তে অনুষ্ঠিত হয় চড়ক পুজো।

*************************

বাতাসে জলীয় বাষ্পের আধিক্য এবং অনুকূল পরিস্থিতি থাকায় দক্ষিণবঙ্গের বেশীরভাগ জেলাতেই আগামী তিন দিন, ঝড় বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে।

আবহাওয়া বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানালেন-

( বাইট- সৌরিশ ওয়েদার )

উত্তরবঙ্গেও বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

কলকাতায় আজ সকালে দিনের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৭ দশমিক চার ডিগ্রি সেলসিয়াস। স্বাভাবিকের চেয়ে যা এক দশমিক আট ডিগ্রি বেশী।

সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রির আশেপাশে থাকার সম্ভাবনা।

*********************************************************************